

**বগুড়ায় জিয়া মেডিকেল
কলেজের নির্মাণ কাজ
২ বছরের মধ্যে শেষ হবে**

বগুড়া প্রতিনিধি : বগুড়ায় শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজের অবকাঠামো নির্মাণ কাজ আগামী ২ বছরের মধ্যে সম্পন্ন হবে। তবে এই প্রকল্পের পুরো কাজ শেষ হতে প্রায় ৪ বছর সময় লাগবে। গত ১১ জানুয়ারি সকালে বগুড়া শহরের উপকণ্ঠে ছিলিমপুরে উক্ত প্রকল্পের স্থান পরিদর্শন শেষে স্বাস্থ্য সচিব মুহঃ ফজলুর রহমান উপস্থিত সুধী ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এ কথা বলেন।

বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ ও ৫০০ শয্যাখিণি হাসপাতাল নির্মাণের জন্য প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গত বছরের ১৬ জানুয়ারি ছিলিমপুরে এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ২১৬ কোটি টাকার এই প্রকল্পের জন্য ইতিমধ্যে ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন কাজ শেষ হয়েছে। স্বাস্থ্য সচিব জানান, এই প্রকল্পে এ পর্যন্ত ১০ কোটি টাকা পাওয়া গেছে। এখন ভৌত অবকাঠামো নির্মাণের জন্য এই প্রকল্পের ৮টি ফ্লোর টেন্ডার আহ্বান করা হয়েছে।

উল্লেখ্য, এই প্রকল্পের কাজ পরিদর্শনের জন্য উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধিদল গত ১১ জানুয়ারি বগুড়ায় আসেন। এই দলে স্বাস্থ্য সচিব ছাড়াও অর্থ সচিব জাকির আহমেদ খান, স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক রনজিত কুমার দে, গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী খালিকুজ্জামান ও সহকারী প্রধান হুপতি আহসানুল হক খান বসেন রয়েছেন। এ সময় তাদের সঙ্গে ছিলেন এই প্রকল্পের প্রকল্প পরিচালক ডা. মওদুদ হোসেন আলমগীর পাভেল।